

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩১২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০৮. সালাতের মধ্যে তন্দ্রা এলে

باب النُّعَاسِ فِي الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا زِيَادُ بْنُ أَيُّوبَ، وَهَارُونُ بْنُ عَبَّادٍ الْأَزْدِيُّ، أَنَّ إِسْمَاعِيلَ بْنَ إِبْرَاهِيمَ، حَدَّتَهُمْ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ، عَنْ أَنسٍ، قَالَ: دَخَلَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم الْمَسْجِدَ وَحَبْلٌ مَمْدُودٌ بَيْنَ سَارِيَتَيْنِ، فَقَالَ: " مَا هَذَا الْحَبْلُ ". فَقِيلَ: يَا رَسُولَ اللهِ! هَذِهِ حَمْنَةُ بِنْتُ مَمْدُودٌ بَيْنَ سَارِيَتَيْنِ، فَقَالَ: " مَا هَذَا الْحَبْلُ ". فَقِيلَ: يَا رَسُولَ اللهِ! هَذِهِ حَمْنَةُ بِنْتُ جَحْشٍ تُصلِّي فَإِذَا أَعْيَتْ تَعَلَّقَتْ بِهِ. فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " لِتُصلِّ مَا أَطَاقَتْ فَإِذَا أَعْيَتْ فَلْتَجْلِسْ ". قَالَ زِيَادٌ: فَقَالَ "مَا هَذَا". فَقَالُوا: لِزَيْنَبَ تُصلِّي فَإِذَا كَسِلَ كَسُلِتْ أَوْ فَتَرَتْ أَمْسَكَتْ بِهِ. فَقَالَ " حُلُّوهُ ". فَقَالَ " لِيُصلَلِّ أَحَدُكُمْ نَشَاطَهُ فَإِذَا كَسِلَ كَسْلِتْ أَوْ فَتَرَتْ أَمْسَكَتْ بِهِ . فَقَالَ " حُلُّوهُ ". فَقَالَ " لِيُصلَلِ أَحَدُكُمْ نَشَاطَهُ فَإِذَا كَسِلَ أَوْ فَتَرَتْ فَلْيَقْعُدُ ".

_ صحیح دون ذکر حمنة: ق

বাংলা

১৩১২। আনাস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম মসজিদে প্রবেশ করে দু'টি খুটির মাঝে রশি বাধা দেখে জিজ্ঞেস করলেনঃ এ রশিটি কিসের? বলা হলো, হে আল্লাহর রসূল! এটা হামনাহ বিনতু জাহশের রশি, তিনি রাতে সালাত আদায়কালে ক্লান্তিবোধ হলে এ রশিতে নিজেকে আটকে রাখেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তার উচিত সামর্থ অনুযায়ী সালাত আদায় করা, যখন ক্লান্তিবোধ করবে তখন সালাত ছেড়ে বসে যাবে। যিয়াদের বর্ণনায় রয়েছে, তিনি (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম) জিজ্ঞেস করলেনঃ এটা কি? লোকেরা বললো, এটা যাইনাবের রশি, তিনি সালাত আদায়কালে ক্লান্তি বা অলসতাবোধ করলে এতে ঝুলে থাকেন। তিনি বললেনঃ এটা খুলে ফেলো। অতঃপর তিনি বললেনঃ তোমাদের আনন্দের সাথে সালাত আদায় করা উচিত, যখন ক্লান্তি কিংবা অলসতাবোধ করবে তখন সালাত ছেড়ে বসে পড়বে।[1]



সহীহ, হামনাহ' শব্দ উল্লেখ বাদে : বুখারী ও মুসলিম।

English

Narrated Anas:

The Messenger of Allah (ﷺ) entered the mosque (and saw that) a rope tied between two pillars. He asked: What is this rope (for)? The people told him: This is (for) Hamnah b. Jahsh who prays (here). When she is tired, she reclines on it. The Messenger of Allah (ﷺ) said: She should pray as much as she has strength. When she is tired, she should sit down.

This version of Ziyad has: He said: What is this? The people told him: This is for Zainab who prays. When she becomes lazy, or is tired, she holds it. He said: Undo it. One of you should pray in good spirits. When he is lazy or tired, he should sit down.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : তাহাজ্জুদ, অনুঃ 'ইবাদাতে কঠোরতা অবলম্বন অপছন্দনীয়, হাঃ ১১৫০), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ সালাতে তন্দ্রা এলে), নাসায়ী (অধ্যায় : किয়ামুল লাইল, হাঃ ১৬৪২), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্রায়িম, অনুঃ মুসল্লী সালাতে ঘুমালে), আহমাদ (৩/১১০)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আনাস ইবন মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন